দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

05

তারিখ ... 23 FEB 1989 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 3

# উচ্চশিক্ষা ক্ষেত্রে বয়ঃসীমা

৬ই ডিসেম্বর, ১৯৮৮ ইং পত্রান্তরে প্রকাশিত উচ্চ শিক্ষার বয়সসীমা প্রসঙ্গে জনাব জামালোদ্দিনের লেখা চিঠির প্রতি আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রাক্তন সিএমএল এ সচিবালয়ের ২২শে মে, ১৯৮৩ সালের পত্র নং-৭০১৯/২/সিআইডি-১-এর সরকারী আদেশ মোতাবেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের উচ্চ শিক্ষা (এমএস/পি এইচডি) নেয়ার জন্য সর্বোচ্চ বয়ঃসীমা ৩৫ বছর, নির্ধারিত হয়। পরবর্তীকালে এ আদেশের উপর এক সংশোধনী এনে শুধুমাত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বেলায় শর্ত সাপেক্ষে বয়সসীমা ৩৫ বছর থেকে বাড়িয়ে সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর নির্ধারিত হয় (সিএমএলএ সচিবালয়ের ২৭শে জানুয়ারী, ১৯৮৬ পত্র নং-৭০১/৯/২/সিআইডি-১) সরকারের এ মহৎ উদ্যোগ প্রশংসার দাবিদার কিন্তু এ নির্দেশে গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের অন্তর্ভুক্ত না করায় তারা সঙ্কটে পড়েছেন।

বিজ্ঞানী ও শিক্ষকদের আলাদাভাবে দেখানোর কোন যুক্তিগত কারণ নেই। বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত হয়ে একজন গ্রাজুয়েট সমমানের-যোগ্যতা নিয়ে কেউ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক (প্রভাষক) হচ্ছেন এবং অন্যজন উন্নয়নের ধারাকে টিকিয়ে রাখার জন্য গবেষণা প্রতিষ্ঠানে বিজ্ঞানী (বৈজ্ঞানিক কর্মকর্তা) হিসেবে যোগদান করছেন। চাকরিতে নিয়োগ ও স্থায়ী হওয়ার জন্য উভয় ক্ষেত্রে একই নিয়ম অনুসরণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের সেশন জটিলতা, বিলম্বে পরীক্ষা অনুষ্ঠিত হওয়া অথবা ফলাফল প্রকাশ বিলম্ব ঘটা প্রভৃতি যে সব কারণ দেখিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উচ্চ শিক্ষা (এমএস/পি এইচডি) নেয়ার জন্য বয়স ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর করা হয়েছে তার প্রতিটি কারণই গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের বেলায় একইভাবে প্রযোজ্য।

এছাড়াও দেশী ও বিদেশী বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে বিজ্ঞানীদের প্রশিক্ষণ দিতে হয়। ফলে সমান যোগ্যতাসম্পন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের চাকরিতে নিয়োগের ক্ষেত্রে একই নিয়ম অনুসরণ করা হয়। এ অবস্থায় বিজ্ঞানীদেরে উৎসাহিত করা ও দেশের উন্নয়নের গতিকে ত্বরান্বিত করার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় বিজ্ঞানীদের বয়সসীমা ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর করা প্রয়োজন। উপরোক্ত বিষয়গুলো পর্যালোচনা করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের মধ্যে বয়সের ক্ষেত্রে কোন পার্থক্য না রেখে বয়সসীমা ৩৫ বছর থেকে বাড়িয়ে ৪০ বছর করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তা ও সরকারের সর্বোচ্চ কর্তৃপক্ষের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

তথ্য সম্পাদক
বাংলাদেশ কৃষিতত্ত্ব সমিতি
ঢাকা।